

মূল গেটে তালা লাগিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

আঞ্চলিক
প্রতিনিধি,
গাজীপুর

০৩ জুন, ২০২৪
১৩:২২

শেয়ার

অ +

অ -



পাঠদান চালু করার দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল গেটে তালা লাগিয়ে দিয়েছে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীরা। এসময় তারা পাঠদান চালু করার দাবিতে বিক্ষোভ করেন। আজ সোমবার (৩ জুন) সকাল ৯ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রধান ক্যাম্পাসে এই ঘটনা ঘটে।

জানা যায়, গাজীপুর মহানগরীর গাছা থানাধীন বোর্ডবাজারস্থ জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১৬০ জন শিক্ষার্থী পাঠদান চালু রাখার দাবিতে গেটে তালা লাগিয়ে গেইটের ভিতরে অবস্থান নেয়।

শিক্ষার্থীরা জানায়, গত ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গাছা থানার বোর্ডবাজার ক্যাম্পাসে বিবিএ, এলএলবি, টুরিজম ও নিউট্রিশন ও ফুড সায়েন্সে আমাদের ১৬০ শিক্ষার্থীকে ভর্তি করানো হয় এবং শিক্ষা কার্যক্রম চলমান রাখে। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম বন্ধের নির্দেশনা প্রদান করলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদেরকে অন্যান্য শিক্ষা-প্রতিষ্ঠানে ভর্তির ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত নেয়। আমরা এর প্রতিবাদে আন্দোলন করছি।

নাম প্রকাশে অনিচ্ছুক বিশ্ববিদ্যালয়ের এক কর্মচারী জানান, ভর্তিকৃত শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় ছাত্র আন্দোলন পরিষদের ব্যানারে সকাল থেকে অবস্থান নেয়।

গেটে তালা লাগিয়ে শিক্ষার্থীদের অবস্থানের ফলে আমরা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা গেইটের ভিতরে প্রবেশ করতে পারছি না। এ ঘটনার ফলে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম বিঘ্ন হয়।

বেলা ১২ টার দিকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্দোলনকারীদের সঙ্গে কথা বলে তালা খুলে দেওয়া হয়।

এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের পরিচালক আতাউর রহমান কালের কণ্ঠকে বলেন, তালা খুলে দিচ্ছে, এখন সব কিছু স্বাভাবিক।

